ই - সংবাদ

গোমতী জিলা পরিষদের শিক্ষা স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর,০৪ নভেম্বর ।। গোমতী জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ২ নভেম্বর জিলা পরিষদের সভাগৃহে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি গৌতম সরকার। সভায় শিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থ বছরে রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান কর্মসূচিতে ২৬টি বিদ্যালয় সংস্কার করা হবে। এছাড়া, জেলায় ৯৮টি বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে। আগামী ৩-৬ জানুয়ারী ২০১৮ ভুপাল কলা উৎসবে জেলার ২ জন অংশ গ্রহণ করবে। সভায় স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধি জানান, গত মাসে জেলায় ৫২টি স্বাস্থ্য শিবিরের মাধ্যমে ১৪২০ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। রক্তের নমুনা সংগ্রহ করা হয়েছে ৬০ জনের। তিনি জানান, তৈদু ও ঘোড়াকাপ্পা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পাকাবাড়ী নির্মাণের কাজ শেষ হয়েছে। তীর্থমুখ, আদিপুর, নিত্যবাজার, মহারাণী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ চলছে। সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, জেলায় ১৩২৫টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র রয়েছে। এছাড়া, মেটারনিটি বেনিফিট স্কীমটি এখন নতুন করে নামকরণ করা হয়েছে প্রধানমন্ত্রী মাতৃ বন্ধনা যোজনা স্কীম। সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিনিধি জানান, আগামী ১০ থেকে ১২ নভেম্বর ৩ দিন ব্যাপী মহারাণী জল উৎসব উত্তর মহারাণী পঞ্চায়েতের মুক্তমঞ্চে অনুষ্ঠিত হবে। এছাড়া, জেলা ভিত্তিক যাত্রা উৎসব আগামী ১৬ নভেম্বর থেকে ১৮ নভেম্বর অমরপুর টাউন হলে অনুষ্ঠিত হবে। ছবিমুড়া উৎসব অনুষ্ঠিত হবে ২৫ নভেম্বর। সভায় বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের প্রতিনিধি জানান, করবুক পাঞ্জিহাম স্কুলের পাশে ১টি সোলার পাম্প বসানো হবে। মাতাবাড়ীতে ৪৪টি স্ট্রীট লাইট বসানো হয়েছে। সভায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কাজ কর্ম নিয়েও আলোচনা করা হয়। এ দিনের সভায় গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা, কমিটির সদস্যগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

মহারাণীতে স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

উদয়পুর,০৪ নভেম্বর ।। মহারাণী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে মহারাণী এলাকার দুঁপ্টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী আগামী ৯ নভেম্বর বৈরাগী বাড়ীতে এবং ১৬ নভেম্বর সাংরুং এ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে।

ডিমাতলীর চন্দ্রপুরে সংহতি মেলার প্রস্তুতি

বিলোনীয়া,০৪ নভেম্বর ।। রাজনগর ব্লকের ডিমাতলী গ্রাম পঞ্চায়েতের চন্দ্রপুর মসজিদ প্রাঙ্গণে আগামী ৬-৮ ডিসেম্বর সংহতি মেলা ও প্রদর্শনী অনুষ্ঠিত হবে। তিন দিনব্যাপী এই মেলাকে সার্বিকভাবে সফল করে তোলার লক্ষ্যে গত ২ নভেম্বর রাজনগর পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। বিধায়ক সুধন দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রত্না রাণী দাস ও ভাইস চেয়ারম্যান গৌরাঙ্গ মোহন শীল, ব্লকের বি ডি ও সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় মেলার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আগামী এক বছরব্যাপী স্বাস্থ্য শিবির, সংহতি বিষয়ক আলোচনাচক্র ও সেমিনার, ক্রীড়া প্রতিযোগিতা, রক্তদান শিবির আয়োজিত হবে। সংহতি মেলা ও প্রদর্শনীকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিধায়ক সুধন দাসকে চেয়ারম্যান এবং বি ডি ও মনোজ কুমার দাসকে আহ্বায়ক করে প্রস্তুতি কমিটি সহ বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে।

জারইলতলী পঞ্চায়েতে নানা উন্নয়ন কাজ

কৈলাসহর,০৪ নভেম্বর ।। চন্ডীপুর ব্লকের জারইলতলী গ্রাম পঞ্চায়েতে পঞ্চায়েত উন্নয়ন তহবিল, ত্রয়োদশ ও চতুর্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এতে ব্যয় হয়েছে ৬ লক্ষ ২ হাজার ৫১৪ টাকা। কর্মসূচি অনুযায়ী পঞ্চায়েতে ১০টি শ্যালো টিউবওয়েল বসাতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৮৬ হাজার ৫৯০ টাকা। দুটি জলের ট্যাঙ্ক নির্মাণে ব্যয় হয়েছে ১ লক্ষ ৯৮৩ টাকা। চলাচলের সুবিধার্থে ৩টি রাস্তা সংস্কারে ব্যয় হয়েছে ১ লক্ষ ৫৪ হাজার ৪৪১ টাকা। ৫টি আর.সি.সি. রিংওয়েল সংস্কারে ব্যয় হয়েছে ৫৫ হাজার ১৩৫ টাকা। পঞ্চায়েতের কালী চৌমুহনীতে ৩ কক্ষ বিশিষ্ট বেকার শেডের সংস্কার করা হয়েছে। ব্যয় হয়েছে ৩৫ হাজার ৬৩৬ টাকা। পানীয় জলের পাইপলাইন সম্প্রসারণে ব্যয় হয়েছে ৩৭ হাজার ১০৬ টাকা। খেলাধুলায় উৎসাহ প্রদানে ৩ হাজার টাকার বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে। ১১ হাজার ৩৩৯ টাকা ব্যয় করে ১টি গ্রামীণ ডাকঘরের ব্যবস্থা করা হয়েছে। ১টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র সংস্কারে ব্যয় হয়েছে ১৯ হাজার ২৭৪ টাকা। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উপলক্ষ্যে কৈলাসহরে সাংস্কৃতিক অনুষ্ঠান ৯ নভেম্বর

কৈলাসহর,০৪ নভেম্বর ।। শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ৯ নভেম্বর কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। এ উপলক্ষ্যে গতকাল মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কৈলাসহর পুর পরিষদের সদস্য বিমান দাম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ দেব, মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধি সহ সাংস্কৃতিক ব্যক্তিত্বগণ। সভায় সিদ্ধান্ত হয়, ঐদিন সন্ধ্যায় এই সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মনীষ সাহা। এই অনুষ্ঠানে মহকুমার বিশিষ্ট সঙ্গীত শিল্পীগণ সহ সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে শচীন দেববর্মণের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করবেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব কিশোর ঘোষ।

এন সি ইনস্টিটিউশনের শতবর্ষ পূর্তি উৎসব শুরু

সোনামুড়া, ২ নভেম্বর ।। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ থেকে শুরু হয়েছে সোনামুড়ার ঐতিহ্যশালী শিক্ষা প্রতিষ্ঠান এন সি ইনস্টিটিউশনের শতবর্ষ পূর্তি উৎসব । আজ দুপুরে বর্ণাঢ্য র‍্যালীর মধ্য দিয়ে এই উৎসবের সূচনা হয় । যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী সহিদ চৌধুরী, বিধায়ক শ্যামল চক্রবর্তী সহ এন সি আই এবং অন্যান্য বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা র‍্যালীতে অংশ গ্রহণ করেন । র‍্যালী শেষে সোনামুড়া টাউন হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ক্রীড়া ও সংখ্যালঘু কল্যাণ দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক শ্যামল চক্রবর্তী। অন্যান্যদের মধ্যে সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন কমলা মজুমদার, ভাইস চেয়ারপার্সন আবু তাহের, প্রাক্তন মন্ত্রী তথা বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র বিল্লাল মিয়া, কবি নজরুল মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বিমল কুমার রায়, জেলা শিক্ষা আধিকারিক হাবুল লোধ প্রমুখ উপস্থিত ছিলেন । ক্রীড়া মন্ত্রী সহিদ চৌধুরী উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, মানুষকে সচেতন করার জন্য শিক্ষার বিশেষ ভূমিকা রয়েছে । ছাত্রছাত্রীদের সুশিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও সমাজ গঠনে ভূমিকা নেয়ার জন্য গুরুত্ব আরোপ করেন । তিনি বলেন, বিভিন্ন সমস্যায় দেশ আজ নিমজ্জিত । ধর্ম নিরপেক্ষতার আদর্শ ভুলে ধর্মীয় বিভাজন তৈরীর চেষ্টা হচ্ছে । তা প্রতিহত করতে ছাত্রছাত্রীদের বিশেষ ভূমিকা নিতে হবে । বিভেদকামী শক্তিকে প্রতিহত করে দেশ ও রাজ্যের উন্নয়নে ভূমিকা গ্রহণ করতে তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান । বিধায়ক শ্যামল চক্রবর্তী বলেন, এই বিদ্যালয়ের বহু প্রাক্তন ছাত্র সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত রয়েছেন । বিশিষ্ট শিক্ষাবিদ নজরুল মহাবিদ্যালয়ের অধ্যক্ষ রাজ্যের শিক্ষার উন্নয়নে জনশিক্ষা আন্দোলনের ভূমিকার কথা উল্লেখ করেন । যার ফলশ্রুতিতে রাজ্যে বর্তমানে শিক্ষায় ব্যাপক সম্প্রসারণ ঘটেছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন । বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র তথা প্রাক্তন মন্ত্রী বিল্লাল মিয়া আলোচনায় বিদ্যালয়ের গৌরবময় ইতিহাস তুলে ধরেন । অনুষ্ঠানে এন সি আইর প্রধান শিক্ষক সুশান্ত চক্রবর্তী এবং জেলা শিক্ষা আধিকারিক হাবুল লোধও বক্তব্য রাখেন ।

মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব ৪ নভেম্বর

শান্তিরবাজার, ২ নভেম্বর ।। রাজ্য ভিত্তিক মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব আগামী ৪ঠা নভেম্বর পতিছড়ি মুড়াসিং পাড়ায় অনুষ্ঠিত হবে । এদিন সন্ধ্যা ৬টায় টি টি এ এ ডি সি-র চেয়ারম্যান ড. রনজিৎ দেববর্মা এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এ ডি সি-র কার্যনির্বাহী সদস্য পরীক্ষিৎ মুড়াসিং। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, বিধায়ক সুধন দাস এবং এম ডি সি সঞ্জীব মারাক। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন দক্ষিণ ত্রিপুরার জেলা শাসক সি কে জমাতিয়া, মনুর জোনাল ডেভেলপম্যান্ট অফিসার বি দেববর্মা এবং মুড়াসিং হদা তুইফাং বদলের প্রাক্তন আহ্বায়ক মঙ্গলমুনি মুড়াসিং । সভাপতিত্ব করবেন মুড়াসিং হদা তুইফাং বদলের আহ্বায়ক নয়ন কুমার মুড়াসিং । মেলায় সারা রাত ব্যাপী ১৯টি উপজাতি সম্প্রদায়ের শিল্পীরা সংগীত নৃত্য পরিবেশন করবেন।

ভালো বই মানুষের মধ্যে আরো বেশী করে নিয়ে যেতে হবে : মুখ্যমন্ত্রী

আগরতলা, ২ নভেম্বর ।। ত্রিপুরা পাবলিশার্স গিল্ড আয়োজিত ত্রয়োদশ আগরতলা পুস্তক মেলা-২০১৭-র উদ্বোধন হল । উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে আজ সন্ধ্যায় পুস্তক মেলার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। পুস্তক মেলার উদ্বোধন করে তিনি বলেন, মানব সভ্যতার বিকাশে বইমেলা বা পুস্তক মেলার একটা নিবিড় সম্পর্ক রয়েছে । পুস্তকমেলা ছোট পরিসরে না বড় পরিসরে হচ্ছে তা বড় কথা নয় । উদ্যোগটাই বড় কথা । আগরতলা পুস্তকমেলা ধারাবাহিক ভাবে আয়োজন করে ত্রিপুরা পাবলিশার্স গিল্ড একটা গুরু দায়িত্ব পালন করেছেন । মুখ্যমন্ত্রী বলেন, পুস্তকমেলা বা বইমেলা আমরা যাই বলি তা হচ্ছে একটা আন্দোলন । এটা করা হয় মানুষের কল্যাণে । এই ধারা অব্যাহত রাখতে হবে ।মুখ্যমন্ত্রী বলেন, বই হল সভ্যতার ধারক ও বাহক । তাই আরো ভালো বই লেখা হোক । সেই বই নিয়ে যেতে হবে মানুষের মধ্যে । তিনি বলেন, শিক্ষার প্রসার ও বিজ্ঞানের অগ্রগতিতে ছাপাখানার ভূমিকা এখন খুব শক্তিশালী । ত্রি-ধারার মিডিয়া বৈদ্যুতিন মিডিয়া, মুদ্রণ মিডিয়া ও সোশাল মিডিয়া মানুষের মনন- ভাবনা ও চিন্তনকে নিয়ন্ত্রণ করতে চাইছে । এর বিরুদ্ধে প্রতিবাদ হচ্ছে পুস্তকমেলা। তাই মানুষের কাছে আরো বেশী করে ভালো বই নিয়ে যাওয়া দরকার । আগরতলা পুস্তক মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা বলেন, বই হল জ্ঞান আহরণের হাতিয়ার । ই-বইয়ের প্রসারের মধ্যেই বই এখনও মানুষকে আকর্ষণ করে । তথ্য ও সংস্কৃতি মন্ত্রী শ্রী সাহা বলেন, ত্রিপুরা পাবলিশার্স গিল্ড যথাসময়ে পুস্তক মেলার আয়োজন করেছে । এজন্য তিনি পাবলিশার্স গিল্ড কর্তৃপক্ষকে অভিনন্দন জানান। অনুষ্ঠানের সম্মানিত অতিথি সাহিত্য আকাডেমি পুরস্কার প্রাপ্ত মণিপুরের বিশিষ্ট কবি শরৎচান্দ থিয়াম বলেন, বই আমাদের জীবনের শ্রেষ্ঠ বন্ধু। উত্তর পূর্বের ছোট্ট রাজ্য ত্রিপুরায় দুই-দুইটি বই মেলা অনুষ্ঠিত হয় । এটা গৌরবের । তিনি বলেন, এখানে সংখ্যালঘু মানুষের ভাষার বিকাশে ত্রিপুরা সরকার যে উদ্যোগ নিয়েছেন তা প্রশংসার দাবী রাখে।উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পাবলিশার্স গিল্ডের সম্পাদক রঘুনাথ সরকার। সভাপতিত্ব করেন গিল্ডের সভাপতি দেবানন্দ দাম । আগামীকাল থেকে ১৪ নভেম্বর পর্যন্ত প্রতিদিন বেলা ২টা থেকে রাত ৮টা ৩০ মিনিট পর্যন্ত পুস্তকমেলা চলবে । মেলায় ৫০টি ষ্টল রয়েছে । এর মধ্যে ২০টি স্টল কলকাতা ও দিল্লী থেকে এসেছে।

মেলাঘর পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া ডিসেম্বরে

সোনামুড়া, ১ নভেম্বর ।। মেলাঘর পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করতে সম্প্রতি মেলাঘর পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভায় পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস, মহকুমা ক্রীড়া আধিকারিক রবীন্দ্র দে, পুর পরিষদের কমিশনারগণ এবং বিভিন্ন ক্রীড়া সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । সভায় আগামী ডিসেম্বর মাসের মধ্যে গ্রামীণ ক্রীড়া ও অনূর্ধ্ব ১৬ বৎসর বালক বালিকাদের ভলিবল ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত নেয়া হয়। ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া আয়োজন করার জন্য প্রতিটি ওয়ার্ডে পরিচালন কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে । মহকুমা ক্রীড়া আধিকারিক সভায় জানান, অনূর্ধ্ব ১৬ বৎসর বালক বালিকাদের সিপাহীজলা জেলা ভিত্তিক ভলিবল প্রতিযোগিতা ডিসেম্বর মাসে মেলাঘরে অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী ১৪ ডিসেম্বর মেলাঘর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব সংগঠিত করার সিদ্ধান্তও এদিনের সভায় নেয়া হয় । এ সমস্ত কর্মসূচীকে সফল করে তোলার জন্য পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস সকলের সহযোগিতা কামনা করেন ।

৩ নভেম্বর যুবরাজনগর ব্লকের নতুন ভবনের উদ্বোধন

ধর্মনগর, ১ নভেম্বর ।। আগামী ৩ নভেম্বর যুবরাজনগর ব্লকের নব নির্মিত অফিস ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন হবে । ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রমেন্দ্র চন্দ্র দেবনাথ ঐ দিন সকালে এই ভবনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মানিক দে । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উত্তর ত্রিপুরার জেলা শাসক শরদিন্দু চৌধুরী । যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সমীরণ দাস । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

গণবন্টনে নভেম্বর মাসে কেরোসিনের বরাদ্দের হার পূন:নির্ধারণ

আগরতলা, ১ নভেম্বর ।। রাজ্যের গণবন্টনের আওতাধীন সকল রেশনকার্ডধারীদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন গত অক্টোবর, ২০১৭ ইং মাসের অসরবরাহকৃত কেরোসিন বর্তমান মাসে সরবরাহ অব্যাহত রেখেছে । তাই বর্তমান নভেম্বর, ২০১৭ ইং মাসের জন্য গণবন্টনে কেরোসিনের বরাদ্দ পূন:নির্ধারণ করা হয়েছে । পূন:নির্ধারিত হার অনুসারে প্রায়োরিটি গ্রুপ এবং এ এ ওয়াই রেশনকার্ডধারীগণ নভেম্বর, ২০১৭ ইং মাসে মাথাপিছু ৭০০ মিলি হারে এবং এ পি এল রেশনকার্ডধারীগণ আগরতলা পুর নিগম এলাকায় মাথাপিছু ৫০০ মিলি ও রাজ্যের অন্যান্য এলাকায় ৭০০ মিলি হারে কেরোসিন পাবেন। এবিষয়ে মহকুমার সংশ্লিষ্ট আধিকারিকগণকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে । আজ খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের অতিরিক্ত সচিব ও অধিকর্তা দেবাশীষ বসু এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন ।

দক্ষিণ ত্রিপুরা জেলায় বিদ্যুৎলাইন সম্প্রসারণের উদ্যোগ

বিলোনীয়া ,১ নভেম্বর ।। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা সম্প্রতি জিলা পরিষদের সভা কক্ষে অনুষ্ঠিত হয় । স্থায়ী কমিটির সভাপতি রনজিৎ ভৌমিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, কমিটির সদস্যগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভায় বিদ্যুৎ নিগমের আধিকারিক জানান, দীনদয়াল উপাধ্যায় বৈদ্যুতিকরণ যোজনায় জেলায় ১৪.৭৯ কি.মি. ১১ কে.ভি. এল টি লাইন সম্প্রসারণ করা হবে । এর ফলে ৪৫০টি বি পি এল পরিবার উপকৃত হবে । এতে ব্যয় হবে ১০৩.৬১ কোটি টাকা । জলসেচের জন্য সাব মার্সিবল পাম্পগুলিতে বিদ্যুৎ সংযোগের কাজ চলছে। পূর্ত দপ্তরের আধিকারিক জানান, বিলোনীয়াতে ১৫ কি.মি. রাস্তা কার্পেটিং করা হবে । যশমুড়া থেকে মুড়াসিং পাড়া, বড়পাথরী থেকে ভারত চন্দ্র নগর, পতিছড়ির মুড়াসিং পাড়া থেকে ধূপতলির রাস্তাগুলি সংস্কার করার জন্য সভায় আলোচনা হয় । জোলাইবাড়ী থেকে ঝড়ঝড়ি, পোয়াংবাড়ী থেকে মনু বাজার পর্যন্ত রাস্তার কাজ চলছে । গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিক জানান, রূপাইছড়ির ছাত্রী নিবাস, কলাছড়ার উপজাতি ছাত্রাবাস, সাব্রুম সুপার মার্কেট, মনু বাজার দ্বিতল মার্কেটের কাজ চলছে । অন্য দিকে, পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের উদ্যোগ চলছে ।

চন্ডীপুরে নানা উন্নয়ন কাজ

কৈলাশহর, ০১ নভেম্বর ।। চন্ডীপুর ব্লকের বীরচন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন উন্নয়নমূলক কাজে চতুর্দশ অর্থকমিশনের বরাদ্দ অর্থে ৬ লক্ষ ৯৫ হাজার ৪৮৫ টাকা এবং ত্রয়োদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ৮৩ হাজার ৯৯১ টাকা ব্যয় করা হয়েছে । চতুর্দশ অর্থকমিশনের অর্থে ডলুগাঁও মধ্যপাড়া থেকে হাওর পর্যন্ত পাকা ড্রেইন নির্মাণ করা হয়েছে । এ কাজে ব্যয় হয়েছে ৪ লক্ষ ৭৬ হাজার ৪৩৫ টাকা । এই দপ্তুটি জায়গায় জলের পাইপ লাইন সম্প্রসারণে ব্যয় হয়েছে ১ লক্ষ ৮৩ হাজার ৫০৩ টাকা । ত্রয়োদশ অর্থকমিশনের অর্থে পঞ্চায়েতে ৪টি শ্যালো টিউবওয়েল সংস্কার করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ৩০ হাজার ৯৬৮ টাকা । এছাড়া, ১৯ হাজার ২০৩ টাকা ব্যয় করে বিমল সিংহ অঙ্গনওয়াড়ী কেন্দ্র সংস্কার করা হয়েছে । সংশ্লিষ্ট ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

ভারত-বাংলাদেশ-মায়ানমার ত্রিদেশীয় মোটর সাইকেল অভিযান

আগরতলা, ১ নভেম্বর ।। আসাম রাইফেলস-এর উদ্যোগে ভারত-বাংলাদেশ ও মায়ানমার-এই তিনটি দেশের মধ্যে সংহতি ও ঐতিহ্যকে আরও বেশী করে শক্তিশালী ও মজবুত করে তোলার উদ্দেশ্যে আয়োজিত ত্রিদেশীয় মোটর সাইকেল অভিযানটি আজ বাংলাদেশ থেকে আখাউরা হয়ে ত্রিপুরায় প্রবেশ করে । এই অভিযান দলটিকে অভিনন্দন জানানোর জন্য আজ সন্ধ্যায় আসাম রাইফেলস-এর ২১ সেকটার হেডকোয়ার্টারের উদ্যোগে আসাম রাইফেলস অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে এই অভিযানে দলের ৩৩ জন সদস্যকে রাজ্যে স্বাগত জানিয়ে মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, ভারত-বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে সম্পর্ক সংহতি ও ঐক্যকে আরও সুদৃঢ় করে তোলার ক্ষেত্রে আসাম রাইফেলস -এর এই উদ্যোগ প্রশংসনীয় ও সময়োপযোগী । এই অভিযানের মধ্য দিয়ে অভিযান দলের সদস্যগণ এই তিনটি দেশের সংস্কৃতি নিজেদের মধ্যে আদান-প্রদান সহ অন্যান্য বিষয়ে অবহিত হতে পারবেন এবং পরবর্তীতে তা অন্যান্যদের সাথে বিনিময় করতে পারবেন । মুখ্যমন্ত্রী শ্রী সরকার বলেন, প্রতিবেশী রাষ্ট্রের সাথে সুসম্পর্ক খুব জরুরী । সেদিক দিয়ে এই অভিযানটি আমাদের প্রতিবেশী রাষ্টের সাথে সম্পর্ক আরও বেশী মজবুত করে তুলবে । পাশাপাশি উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের সংস্কৃতি ও জনগণের সাথে পরিচিত হতে পারবেন । যা আমাদের জাতীয় সংহতি ও ঐক্যকে আরও মজবুত করে তুলবে । মুখ্যমন্ত্রী শ্রী সরকার দেশের চলমান পরিস্থিতির বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করে বলেন, দেশের একটি গোষ্ঠী ধর্মের নামে দেশে অশান্তির সৃষ্টির চেষ্টা করছে । এটা চলতে দেওয়া যেতে পারেনা । কারণ রাষ্ট্রের কোন ধর্ম থাকতে পারে না । ধর্ম ব্যক্তিগত বিষয় । অনুষ্ঠানে বিগ্রেডিয়ার অশ্বিনী নায়ার-সহ বাহিনীর অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

এই অভিযান দলটি কর্নেল পিত্যুষ এর নেতৃত্বে ৩০ অক্টোবর মেঘালয়ের রাজধানী শিলং থেকে শুরু করে বাংলাদেশের সিলেট হয়ে আজ আখাউরা হয়ে আগরতলায় পৌছায় । আগামীকাল উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য হয়ে মায়ানমারের উদ্দেশ্যে রওনা দেবে । মোট ১৭দিনে এই অভিযানটি সম্পন্ন হবে। অনুষ্ঠানে আসাম রাইফেলস পাবলিক স্কুল ও ফার্নান্ডুর ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন ।অনুষ্ঠানে অভিযান দলের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে স্মারক উপহার প্রদান করা হয় ।

মন্ত্রিসভার বৈঠকে আই টি ইনসেনটিভ স্কিম-২০১৭-র নিয়মনীতি সংশোধিত

আগরতলা, ৩১ অক্টোবর ।। কোনো বেসরকারি বিমান সংস্থা যদি কৈলাসহর বিমানবন্দরে বিমান পরিষেবা প্রদান করে তাহলে এক্ষেত্রে অ্যাভিয়েশন টার্বাইন ফুয়েল-এর উপর এক শতাংশ ভ্যাট লাগবে বলে আজ মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয় । মন্ত্রিসভার বৈঠক শেষে মহাকরণে সাংবাদিকদের এই তথ্য জানান তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা । তিনি জানান, অ্যাভিয়েশন টার্বাইন ফুয়েল জি এস টি-র আওতার বাইরে থাকা ভ্যাট আইন ২০০৪ অনুযায়ী আমাদের রাজ্যে অ্যাভিয়েশন টার্বাইন ফুয়েলের উপর ১৮ শতাংশ ভ্যাট চালু রয়েছে । কিন্তু কৈলাসহর বিমানবন্দরে যদি কোনো বেসরকারি বিমান সংস্থা বিমান পরিষেবা প্রদান করে তাহলে এক্ষেত্রে অ্যাভিয়েশন টার্বাইন ফুয়েল-এর উপর এক শতাংশ ভ্যাট লাগবে । আগরতলা বিমানবন্দরের ক্ষেত্রে তা ১৮ শতাংশই থাকবে। মন্ত্রী আরও জানান, আমাদের রাজ্যে শিল্প স্থাপনের জন্য আই টি ইনসেনটিভ স্কিম, ২০১৭ অনুযায়ী করের ক্ষেত্রে কিছু ছাড় দেওয়ার কথা বলা হয়েছিল । সেখানে উল্লেখ ছিল সেগুলি ভ্যাট বা সি এস টি-র মাধ্যমে কর সংগ্রহ করা হবে । এখন যেহেতু জি এস টি চালু হয়েছে সেক্ষেত্রে আই টি ইনসেনটিভ স্কিমে ভ্যাট বা সি এস টি-র পরিবর্তে জি এস টি শব্দটি সংযুক্ত করার জন্য আজ মন্ত্রিসভার বৈঠকে আই টি ইনসেনটিভ স্কিম, ২০১৭-র নিয়ম নীতির সংশোধন করা হয়েছে ।

সংবাদ সংশোধন

আগরতলা, ৩১ অক্টোবর ।। আজ ৩১ অক্টোবর-এর প্রেস রিলিজ নম্বর স-২৫৩৭-এ প্রকাশিত মন্ত্রিসভার বৈঠকে আই টি ইনসেনটিভ স্কিম- ২০১৭-র নিয়মনীতি সংশোধিত শীর্ষক সংবাদের প্রথম লাইনে কোনো বেসরকারি বিমান সংস্থা ..... এর স্থলে যে কোনো বিমান সংস্থা .... পড়তে হবে ।

সোনামুড়ায় আন্ত:বিদ্যালয় নাট্যোৎসবের প্রস্তুতি

সোনামুড়া, ৩১ অক্টোবর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সোনামুড়া মহকুমা ভিত্তিক আন্ত:বিদ্যালয় নাট্যোৎসব আগামী ১৩ ও ১৪ নভেম্বর মেলাঘর টাউন হলে অনুষ্ঠিত হবে । এই কর্মসূচীকে সফল করে তোলার জন্য সম্প্রতি মেলাঘর পুর পরিষদের সভাকক্ষে পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাসের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভায় পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলারগণ, বিভিন্ন বিদ্যালয়ের প্রতিনিধিগণ এবং সাংস্কৃতিক সংস্থা সমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয়, মহকুমার ছয়টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভাগ ভিত্তিক এই প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবে । নাট্যোৎসব পরিচালনার জন্য এদিনের সভায় একটি পরিচালন কমিটি ও তিনটি উপ কমিটি গঠন করা হয় ।

দক্ষিণ জেলায় ৫৫১ জন কৃষককে ৯.৩৩ কোটি টাকা ঋণ প্রদান

বিলোনীয়া, ৩১ অক্টোবর ।। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা আজ পরিষদের সভাগৃহে অনুষ্ঠিত হয় । সভায় স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ সহ জেলা শাসক সি কে জমাতিয়া ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন । সভায় কৃষি দপ্তরের আধিকারিক জানান, জেলায় এখন পর্যন্ত ৫৫১ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড-এর মাধ্যমে ৯ কোটি ৩৩ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে । এই জেলায় সাম্প্রতিক বন্যায় হয়েছে । ক্ষয় ক্ষতির পরিমাণ ২৮ কোটি ৭৮ লক্ষ টাকা । তিনি জানান, চলতি অর্থ বছরে এই জেলায় ভর্তুকী মূল্যে ১৯৪টি পাম্প সেট দেয়া হবে। এছাড়া, কৃষি জমিতে জল সেচের সুবিধার্থে ১৭টি নতুন পুকুর খনন করা হবে। মৎস্য দপ্তরের আধিকারিক সভায় জানান, এ বছর অতি বর্ষণের ফলে জেলার ৩২ হাজার ৩২৩টি মৎস্য চাষী পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষয় ক্ষতির পরিমাণ ৩ কোটি ৫৬ লক্ষ টাকা।সভায় সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি বাবুল দেবনাথ।

সিপাহীজলা জেলা ভিত্তিক বইমেলার সমাপ্তি

সোনামুড়া, ৩১ অক্টোবর ।। বইয়ের কোন বিকল্প নেই । জ্ঞানের ভান্ডারকে সমৃদ্ধ করতে হলে বই পড়তে হবে । মানুষের জ্ঞান বিকশিত করতে বই হচ্ছে বড় হাতিয়ার । বই মানুষকে সাম্প্রদায়িকতার উর্ধ্বে তুলে ধরতে পারে। জাতিভেদ ও সাম্প্রদায়িকতা থেকে মুক্ত রাখতে পারে । মানুষের মনের খোরাক যোগায় বই । গতকাল চারদিন ব্যাপী সিপাহীজলা জেলা ভিত্তিক বইমেলা ২০১৭-এর সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে যুববিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী একথা বলেন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দিন আহমেদ, সিপাহীজলার জেলা শিক্ষা আধিকারিক হাবুল লোধ এবং ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সম্পাদক রঘুনাথ সরকার । অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সদস্য তপন বিকাশ পাল ও বক্সনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিজয়ভূষণ সরকার। সভাপতিত্ব করেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জেসমিন আক্তার। উল্লেখ্য, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলা শিক্ষা কার্যালয়ের উদ্যোগে এবং ত্রিপুরা পাবলিশার্স গিল্ড ও অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স এসোসিয়েশনের সহযোগিতায় এই মেলা গত ২৭ অক্টোবর থেকে বক্সনগরের নজরুল কাননে শুরু হয়েছিল । বই মেলায় স্টল খোলা হয়েছিল ২৫টি । সমাপ্তি অনুষ্ঠানে বসে আঁকো, প্রবন্ধ, ক্যুইজ, বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিগণ ।

তৈবান্দালে রাসমেলা ৩ নভেম্বর

সোনামুড়া, ৩১ অক্টোবর ।। মোহনভোগ ব্লকের উত্তর তৈবান্দালস্থিত শ্রী শ্রী শ্যামাচাঁদ গোস্বামীর সেবাশ্রমের উদ্যোগে এবং মোহনভোগ ব্লক, মোহনভোগ ব্লক উপদেষ্টা কমিটি এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আগামী ৩ নভেম্বর উত্তর তৈবান্দাল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে রাসমেলা অনুষ্ঠিত হবে । ঐতিহ্যবাহী এই রাসমেলা উপলক্ষে ঐদিন মেলা প্রাঙ্গণে সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে । সম্প্রতি উত্তর তৈবান্দাল মাল্টিপার্পাস হলে মোহনভোগ বি এ সি-র চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়াসিং-এর সভাপতিত্বে এই রাসমেলার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । এই মেলাকে সফল করে তুলতে এদিনের সভায় মোহন ভোগ বি এ সি-র চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়াসিংকে চেয়ারম্যান এবং মোহনভোগের বি ডি ও অনিরুদ্ধ রায়কে আহ্বায়ক করে ৫৪ জনের একটি কার্যকরী কমিটি ও ৯টি উপকমিটি গঠন করা হয় ।